

২০২২-২০২৩ সেশনে এমবিবিসি কোর্সে ভর্তি সংক্রান্ত নোটিশ

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৩.২৬৭, তারিখ-১২/০৩/২০২৩ খ্রি. মোতাবেক মেডিকেল ভর্তি পরীক্ষায় ১ম বর্ষ এমবিবিসি কোর্সে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর-এর অনুকূলে মেধা তালিকা হইতে যে সকল শিক্ষার্থী নির্বাচিত হইয়াছেন আগামী ২৭/০৩/২০২৩, ২৮/০৩/২০২৩ ও ২৯/০৩/২০২৩খ্রি. তারিখে তাঁহাদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হইবে। প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদেরকে সকাল ৮.০০ ঘটিকা হইতে দুপুর ১.০০ ঘটিকার মধ্যে কলেজে উপস্থিত হইয়া নিম্নোবর্ণিত সকল কাগজপত্রাদিসহ ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হইল।

ভর্তির জন্য যাবতীয় মূল সনদ/কাগজ-পত্রাদি ও অন্যান্য তথ্যাবলী নিম্নে প্রদত্ত হইলঃ

১	২০২২-২০২৩খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিসি ভর্তি পরীক্ষার প্রবেশপত্র - ১ কপি (কালার)
২	এমবিবিসি ভর্তি পরীক্ষার Applicant's Copy - ১ কপি (কালার)
৩	এমবিবিসি ভর্তি পরীক্ষার রেজাল্টের হার্ড কপি (কালার)- ৩ কপি (ডাউলোড করে প্রিন্টকৃত)
৪	এসএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র (মূল কপি)
৫	এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র (মূল কপি)
৬	এসএসসি বা সমমান পরীক্ষা পাশের সনদপত্র (মূল কপি)
৭	এইচএসসি বা সমমান পরীক্ষা পাশের সনদপত্র/প্রশংসা পত্র (মূল কপি)
৮	ও লেভেল এবং এ লেভেল/সমমানের মার্কসীট সমূহের স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত Equivalence Certificate এর মূল কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
৯	স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/সৌরভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিক সনদপত্র (মূল কপি)
১০	০৫ (পাঁচ) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ল্যাব প্রিন্টের রঙিন ছবি (০৪ কপি সত্যায়িত)
১১	পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র। অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র।
১২	মুক্তিযোদ্ধা কোর্টায় মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫, তারিখ-১৮/১০/২০২০খ্রি. মূলে প্রকাশিত পরিপত্র এবং সরকার কর্তৃক জারিকৃত বিধি বিধান অনুযায়ী প্রমানক।
১৩	এসএসসি ও এইচএসসি একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি- (০৩ কপি করে)
১৪	জাতীয় পরিচয়পত্র-ফটোকপি (এনআইডি)। যাদের এনআইডি কার্ড হয় নাই তাদের বেলায় জন্ম-নিবন্ধন সনদের ফটোকপি

উল্লেখ্য, ছাত্র/ছাত্রীদের আবেদনপত্রে (ভর্তি ফরম) সংযুক্ত ছবি ও প্রবেশপত্রে লাগানো ছবির সহিত তাহার বর্তমান প্রদত্ত ছবি একই হইতে হইবে।

(ক) অনলাইন আবেদনপত্রে উল্লেখিত তথ্যাদির স্বপক্ষে পরিক্ষার্থী কর্তৃক প্রমানক প্রদানে ব্যর্থ হইলে বা প্রদানকৃত তথ্য অসত্য বলিয়া প্রতীয়মান হইলে যে কোন সময় তার ভর্তি বাতিলপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হইবে।

(খ) ভর্তি পরবর্তী সময়ে যদি কোন ছাত্র-ছাত্রীর দাখিলকৃত দলিলাদির মধ্যে ভুলত্রুটি পরিলক্ষিত হয়, তবে তার ভর্তি বাতিল হইবে এবং তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হইবে।

(গ) প্রবেশপত্রে প্রার্থীর স্বাক্ষরের সাথে আবেদনপত্রে দেওয়া স্বাক্ষরের মিল থাকিতে হইবে। ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের অনলাইনে পূরণ করা আবেদন ফরমে প্রদত্ত ছবি ও প্রবেশ পত্রের ছবি একই রূপ হইতে হইবে। অনলাইন আবেদনপত্রে উল্লেখিত তথ্যাদির স্বপক্ষে পরিক্ষার্থী কর্তৃক প্রমানক প্রদানে ব্যর্থ হইলে বা প্রদানকৃত তথ্য অসত্য বলিয়া প্রতীয়মান হইলে যে কোন সময় তার ভর্তি বাতিলপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হইবে। প্রবেশপত্রে প্রার্থীর স্বাক্ষরের সাথে ভর্তির সময় পূরণকৃত যাবতীয় কাগজ-পত্রে স্বাক্ষরের মিল থাকিতে হইবে।

(ঘ) ভর্তির সময় দাখিলকৃত স্বয়ংক্রিয় অভিপ্রায়নের (মাইগ্রেশন) ফরম কোনরূপ পরিবর্তন, পরিবর্ধন বা বাতিলের আবেদন গ্রহনযোগ্য হইবে না।

(ঙ) উল্লেখিত নিয়মাবলী সম্পাদনের পর যোগ্য প্রার্থীদেরকে সাময়িকভাবে ভর্তি করা হইবে। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের নম্বরপত্র ও সনদপত্র সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক যাচাই করা হইবে। ও লেভেল এবং এ লেভেল-এ পাঠকৃত ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত মূল নম্বরপত্র ও সনদপত্র/প্রশংসাপত্র অবশ্যই নিরীক্ষাভুক্ত জমা রাখিতে হইবে।

(চ) ভর্তির পর কোন ছাত্র-ছাত্রী মেডিকেল কলেজে পড়িতে অনিচ্ছুক হইলে সেই ছাত্র-ছাত্রী বা তার অভিভাবক অধ্যক্ষের নিকট লিখিতভাবে ভর্তি বাতিলের আবেদন করে মূল সার্টিফিকেট/নম্বরপত্র ফেরত নিতে পারিবেন।

(ছ) ভর্তি ফিসহ যাবতীয় ফি বাবদ সর্বমোট ২১,৯০০/- (একুশ হাজার নয়শত) টাকা ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড (ইউসিবিএল), চাঁদপুর শাখা (পাল বাজার) হিসাবের নাম-অধ্যক্ষ, চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর, হিসাব নম্বরঃ ০৩৬১০১০০০০০১৮০-তে জমাপূর্বক রশিদের মূলকপি কলেজ অফিসে জমা দিয়ে ভর্তি ফরম সংগ্রহ করিতে হইবে।

উক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হইল।

স্বাঃ

(অধ্যাপক ডাঃ হারুন অর রশিদ)

অধ্যক্ষ

চাঁদপুর মেডিকেলকলেজ, চাঁদপুর।

ফোনঃ ০২৩০৪৪-৮৭০৪৩

Email: chandpurmc@ac.dghs.gov.bd

তারিখ-২২/০৩/২০২৩খ্রি.

স্মারক নং- ৫৯.১৪.১৩০০.০৬০.৯৯.০০৩.২৩.১৮৬ (৫)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

২। স্থানীয় ভর্তি কমিটি এর সকল সদস্যবৃন্দ, চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর।

৩। ভর্তি সংক্রান্ত মেডিকেল বোর্ড এর সকল সদস্যবৃন্দ, চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর।

৪।

৫। নোটিশ বোর্ড।

স্বাঃ
২২/০৩/২৩

(অধ্যাপক ডাঃ হারুন অর রশিদ)

অধ্যক্ষ

চাঁদপুর মেডিকেলকলেজ, চাঁদপুর।

স্বাঃ